পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 179 Thursday, 30 May, 2024 ❋ ২৯ বর্ষ, ১৭৯ সংখ্যা ❋ ১৬ জ্যৈষ্ঠ, ১৪৩১, বৃহস্পতিবার, ৩০ মে, ২০২৪ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

‘বিজেপি আর ক্ষমতায় ফিরছে না’, মমতা কীভাবে এত নিশ্চিত হচ্ছেন?

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ বৃহস্পতিবার দুপুর তখন আড়াইটে। সপ্তম দফার ভোটের আগে এদিনই শেষ প্রচার। সুকান্ত সেতু থেকে তাঁর পদযাত্রা শুরু করার মুহূর্তেই মমতা বন্দ্যোপাধ্যায় দাবি করলেন, তিনি ভবিষ্যৎ দেখতে পাচ্ছেন। তিনি নিশ্চিত। ‘‘বিজেপি আর ক্ষমতায় ফিরছে না।’’ এদিন প্রথম নয়। এ বার লোকসভার ভোটের অনেক আগে থেকে মমতা বন্দ্যোপাধ্যায় এ কথা বলছেন। নবান্নে আমলাদের সঙ্গে আলোচনায়। সাংবাদিকদের সঙ্গে আড্ডায়। জনসভায়। প্রচারে। বারবার তিনি এই কথাটাই বলছেন, বিজেপি এবার আর ক্ষমতায় ফিরবে না। সম্প্রতি বনগাঁর একটি সভা থেকে মমতা এও বলেন, বিজেপির বড় জোর ১৯০ থেকে ১৯৫টি আসনে জিতবে। কৌতূহলের বিষয় হল, এটা স্রেফ কথার কথা! নরেন্দ্র মোদি যেভাবে বলছেন, ইস বার চারশ পার। মমতা কি সেভাবেই তার পাল্টা হিসাবে বলছেন এ কথা! পর্যবেক্ষকদের অনেকের মতে, হতে পারে সেটাই। দলকে চাঙ্গা রাখতে এবং ভোটে ধারনা তৈরির চেষ্টায় মমতা বন্দ্যোপাধ্যায় এ কথা বলছেন। তবে এও মনে রাখতে হবে যে, মমতা বন্দ্যোপাধ্যায় বিজেপির ভরাডুবিরও সাক্ষী। ২০০৪ সালের লোকসভা এনডিএর শরিক ছিলেন মমতা। সেবার ভোটের প্রচারে বিজেপি ঝড় তুলেছিল। তামাম সমীক্ষা দাবি করেছিল যে বিজেপি একাই সংখ্যাগরিষ্ঠতার জন্য প্রয়োজনীয় আসন পেয়ে যাবে। কেউ কেউ বলছিলেন, অটলবিহারী বাজপেয়ীর নেতৃত্বে এনডিএ ৩০০ পার করবে। কিন্তু দেখা যায়, বিজেপি দেড়শও পার করতে পারেনি। বিজেপির সঙ্গে থাকায় বাংলায় ভরাডুবি হয়েছিল তৃণমূলেরও। দক্ষিণ কলকাতা লোকসভায় একা জিতেছিলেন মমতা। প্রশ্ন হল, মমতা কি তেমন কোনও ইঙ্গিত দেখতে পাচ্ছেন? কারণ, বর্তমান সময়ে সর্বভারতীয় রাজনীতিতে তাঁর মতো অভিজ্ঞতাসম্পন্ন ও পোড় খাওয়া রাজনীতিক বিরল। মমতার এ কথায় অবশ্য আমল দিতে চাননি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বাংলায় বিজেপির সম্ভাবনা নিয়ে প্রশ্ন করা হলে তিনি বরং মুচকি হেসে বলছেন, কত জন মন্ত্রী আর বিধায়ক আমাদের সঙ্গে যোগাযোগ রেখেছিল তা ৪ তারিখের পর বলব। বাংলায় গেরুয়া সুনামি আসছে। শেষ দফার ভোটেও চমকপ্রদ ফল হবে। দু'দিন আগে একটি সংবাদমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দাবি করেছিলেন, ‘‘বাংলায় বিজেপির সবচেয়ে ভাল ফল হবে’’। সেদিনই আবার অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, প্রথম ৬ দফায় যে ৩৩টি আসনে ভোট হয়েছে তার মধ্যে ২৩টিতে জিতে গেছে তৃণমূল। তবে ঘটনা হল, দু'দলেরই বহু নেতা ঘরোয়া আলোচনায় স্বীকার করছেন, এবারের ভোটে সবটা বোঝা যাচ্ছে না। সাইলেন্ট ভোটিং হচ্ছে। তৃণমূল বিজেপি-দুই যুযুধান দলের অনেকে মানছেন যে বহু আসনে ফিফটি-ফিফটি পরিস্থিতি।

সব ঠিক থাকলে নরেন্দ্র মোদি ক্ষমতায় আসছে না

শেষ দিনের প্রচারে বললেন মমতা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ শুরু হয়েছিল দুপুর আড়াইটে নাগাদ। সন্ধ্যা ৫টা ৩৫ নাগাদ শেষ হল। শুরু সুকান্ত সেতুর কাছে। শেষ গোপালনগরে। বৃহস্পতিবার যাদবপুর লোকসভা কেন্দ্রের সুকান্ত সেতুতে ভাষণ দিয়ে পদযাত্রা শুরু করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশে ছিলেন কৃষ্ণনগরের তৃণমূল প্রার্থী মহুয়া মৈত্র, যাদবপুরের প্রার্থী সায়নী ঘোষ, রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস, রাসবিহারীর বিধায়ক তথা দক্ষিণ কলকাতা তৃণমূলের জেলা সভাপতি দেবাশিস কুমার। যাত্রাপথে সেই মিছিলে যোগ দেন দলের অন্য নেতারা। অনেকে আবার মিছিল থেকে বেরিয়ে নিজেদের এলাকায় শেষ বেলার প্রচার সারতেও চলে যান। প্রায় তিন ঘণ্টা ধরে ১২ কিলোমিটার হেঁটে গোপালনগরে এসে এ বারের লোকসভা ভোটের প্রচার শেষ করেন মমতা। দেশ জুড়ে সপ্তম তথা শেষ দফার ভোটগ্রহণ আগামী শনিবার। নিয়ম অনুযায়ী বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় শেষ হয়েছে এ বারের লোকসভা ভোটের প্রচার। শনিবার দক্ষিণবঙ্গের ৯টি লোকসভা কেন্দ্রে ভোটগ্রহণ। তার মধ্যে রয়েছে যাদবপুর এবং কলকাতা দক্ষিণও। বৃহস্পতিবার এই কেন্দ্রেই পায়ে হেঁটে জনসংযোগ করলেন মমতা। যাদবপুর লোকসভা কেন্দ্রের সুকান্ত সেতুতে একটি মঞ্চ গড়া ছিল মুখ্যমন্ত্রীর বক্তৃতা করার জন্য। কিন্তু তিনি সেই মঞ্চে ওঠেননি। রাস্তায় দাঁড়িয়েই মাইক হাতে বক্তৃতা করেন তিনি। সুকান্ত সেতুতে মমতা বলেন, ‘‘যাদবপুরকে ভুলতে পারি না। আপনারা প্রতি বারের মতো এ বারও ভোটটা তৃণমূল কংগ্রেসকে দেবেন। দায়িত্ব নিয়ে কথাগুলো বলছি, খুব সম্ভবত, কাউন্টিংয়ে যদি সব ঠিকঠাক হয়, নরেন্দ্র মোদি ক্ষমতায় আসছে না।’’ এর পর কেন বিজেপিকে ভোট দেওয়া উচিত নয়, তা-ও জানান মমতা। তিনি জানান, রেশন দেবে বলে দেয়নি বিজেপি। ১০০ দিনের কাজের টাকা দেয়নি। ‘‘সেই বিজেপিকে ভোট নয়’’, ডাক দেন মমতা। বৃহস্পতিবার সন্ধ্যায় কন্যাকুমারীতে ধ্যানে বসার কথা প্রধানমন্ত্রী মোদির। তা নিয়েও কটাক্ষ করেছেন মমতা। তিনি বলেন, ‘‘আপনি ধ্যান করবেন, ক্যামেরা সঙ্গে নিয়ে কেন?’’ যাদবপুরে বেশ কিছু কলোনি রয়েছে, যেখানে বাংলাদেশ থেকে উদ্বাস্তুরা এসে বসবাস করছেন। তাঁদের উদ্দেশেও বার্তা দিয়েছেন মমতা। মনে করিয়ে দিয়েছে, তাঁর সরকার জমির পাট্টার ব্যবস্থা করে দিয়েছে। তিনি বলেন, ‘‘কলোনি বলব না। বলব স্থায়ী ঠিকানা। একই ভাবে থাকবেন। বস্তি যেন না বলি। উত্তরণ বলব। ওঁদের ছেলেমেয়েরা এমএ, বিএ পাশ করেছে।’’ এর পরেই পদযাত্রা শুরু করেন মমতা। পায়ে সাদা চটি। পাশে সায়নী। তাঁর পায়েও সাদা চটি। সঙ্গে ছিলেন মহুয়া, অরূপ, দেবাশিস। তাঁদের সকলের পায়ে স্নিকার্স। মমতার পিছনে মাথায় কলসি নিয়ে নাচ করতে করতে এগিয়ে যান সাঁওতালি মেয়েরা। তাঁদের পায়েও ছিল সাদা স্নিকার্স। পিছনে তৃণমূলের পতাকা হাতে হেঁটেছেন দলীয় কর্মী-সমর্থকেরা। যাদবপুর লোকসভা কেন্দ্র শেষে মিছিল ছেড়ে বেরিয়ে যান সায়নী। এর পর মিছিল ঢাকুরিয়া, গড়িয়াহাট ক্রসিং হয়ে এগোতে থাকে বালিগঞ্জ ফাঁড়ির দিকে। সেখান থেকে বাঁ দিকে বেঁকে এগোয় ল্যান্স ডাউনের পথে। গড়িয়াহাটে মিছিলে যোগ দেন বালিগঞ্জের বিধায়ক তথা রাজ্যের তথ্যপ্রযুক্তি মন্ত্রী বাবুল সুপ্রিয়, কসবার বিধায়ক তথা বিপর্যয় মোকাবিলা মন্ত্রী জাভেদ খান। যোগ দেন তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সী, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। মিছিল থেকে সরে যান অরূপ। পদযাত্রা যখন রাস্তা দিয়ে চলছে, তখন বহু রাস্তার ধারে ছিল বাঁশের ব্যারিকেড। ল্যান্স ডাউনের কাছে হলুদ শাড়ি পরা এক মহিলা শিশু কোলে ব্যারিকেড ভেঙে এগোনোর চেষ্টা করেন। পুলিশ বাধা দিলে চিৎকার-চেঁচামেচি শুরু করেন। তখনই মমতা এগিয়ে যান। তাঁর কোলে নিজের একরত্তি শিশুকে তুলে দেন মহিলা। সেই অনুরোধই পুলিশকে করছিলেন তিনি। কিছু দূর এগিয়ে নীল পাড় সাদা শাড়ি পরে এক মহিলা ব্যারিকেডের নীচ দিয়ে প্রায় হামাগুড়ি দিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করেন মমতার দিকে। তাঁর উদ্দেশ্য, এক বার নেত্রীর পায়ে হাত দেবেন। মমতা সেই মহিলার প্রণাম গ্রহণ করেন। এর পর মিছিল পদ্মপুকুর হয়ে, যদু বাবুর বাজার, হরিশ মুখার্জি রোড ধরে এগিয়ে শেষ হয় গোপালনগরে।

‘বাঁচিয়ে রাখুন! ৪ তারিখ গোটা দেশ হবে সবুজময়’

দুরন্ত বার্তা, দক্ষিণ ২৪ পরগনা, ৩০ মেঃ শেষবেলার প্রচারে তৃণমূল প্রার্থী এবং তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় নিজের কেন্দ্র ডায়মন্ড হারবারে প্রচার চালালেন। র‍্যালিতে উপস্থিত ছিলেন অসংখ্য তৃণমূল কর্মী ও সমর্থক। উচ্ছ্বাস আর উত্তেজনার মধ্য দিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় তার বক্তব্য রাখেন। প্রচারের সময় দেখা যায়, বেশ কিছু কর্মী ও সমর্থক সবুজ আবির মেখে এসেছেন। অভিষেক তা লক্ষ্য করে বলেন,

‘‘এ কী! এখনই সবুজ আবির মেখে ফেলেছেন। সবুজ আবির বাঁচিয়ে রাখুন। ৪ তারিখ গোটা দেশ সবুজময় হবে।’’ তার এই মন্তব্যে উপস্থিত জনতার মধ্যে হাততালির ঝড় ওঠে। উন্মাদনা ছড়ায় গোটা র‍্যালিতে। অভিষেক আরও বলেন, ‘‘ডায়মন্ড হারবারে তৃণমূলের কোনও দলের সঙ্গে লড়াই নেই। এখানে তৃণমূলের লিড নিয়ে এক অঞ্চলের সঙ্গে অন্য অঞ্চলের লড়াই হবে।’’ তাঁর এই মন্তব্যে কর্মী-সমর্থকদের মধ্যে শেষবেলায় আরও উৎসাহের সঞ্চার করে। একের পর এক সমর্থকের ভিড়ের মধ্যে, তৃণমূলের পতাকা হাতে এক বৃদ্ধা ভিড় ঠেলে এগিয়ে এসে জানান, তার বাড়ির বিদ্যুতের মিটার খারাপ হয়ে গিয়েছে। প্রবল হট্টগোলের মধ্যেও অভিষেক তাকে কাছে ডেকে তার অভিযোগ শুনেন এবং সমস্যার সমাধানের আশ্বাস দেন। এইভাবে, ডায়মন্ড হারবারে শেষবেলার প্রচারে অভিষেক বন্দ্যোপাধ্যায় এলাকার কর্মী ও সমর্থকদের উৎসাহ বাড়ান। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের রাজনৈতিক যাত্রা শুরু হয় ২০১৪ সালে, যখন তিনি প্রথমবার লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন। সেসময় তার প্রধান প্রতিপক্ষ ছিলেন সিপিএম প্রার্থী ডা. আবুল হাসনাত, যিনি ৩৪.৬৬ শতাংশ ভোট পান। কিন্তু ২০১৯ সালে, সিপিএমের ফুয়াদ হালিম কাস্তে-হাতুড়ির প্রতীক নিয়ে মাত্র ৬.৬৭ শতাংশ ভোট পান। বামপন্থী ভোটের একাংশ বিজেপিতে চলে যাওয়া, বিজেপি প্রার্থী ৩৩.৩৯ শতাংশ ভোট পান। শুধু বামপন্থী ভোটাররাই নয়, ফলতার বিধান পাড়ুইয়ের মতো ডায়মন্ড হারবারের বহু সিপিএম নেতাও বিজেপিতে যোগ দেন। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ২০১৪ সালে প্রাপ্ত ৪০.৩১ শতাংশ ভোটের সমর্থন ২০১৯ সালে উল্লেখযোগ্যভাবে বেড়ে ৫৬.১৫ শতাংশে পৌঁছায়।

ইন্ডিয়া ব্লকের প্রধানমন্ত্রী ‘মুখ’ কে? সপ্তম দফার ভোটের আগেই বড় ঘোষণা কংগ্রেসের

নয়াদিল্লি, ৩০ মেঃ ছয় দফায় নির্বাচন সম্পন্ন হয়েছে ইতিমধ্যেই। আগামী ১ জুন সপ্তম দফার ভোটগ্রহণ। আজই ছিল জন্য প্রচারের শেষ দিন। এই আবহে ইন্ডিয়া ব্লকের প্রধানমন্ত্রী পদপ্রার্থী নিয়ে বড় ঘোষণা করল কংগ্রেস। এর আগে কংগ্রেসের তরফ থেকে জানানো হয়েছিল, ১ জুন দিল্লিতে তারা ইন্ডিয়া ব্লকের বৈঠক করবে। অবশ্য তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় সেই বৈঠকে যাবেন না বলে জানিয়েছেন। রাজ্যে ত্রাণ কাজের তদারকি করার জন্যেই দিল্লি যেতে পারবেন না বলে দাবি করেন মমতা। এর আগে তিনি আবার এক জনসভা থেকে বলেছিলেন, ইন্ডিয়া ব্লক সরকার গড়লে তিনি বাইরে থেকে সমর্থন করবেন। যা নিয়ে অনেক জল্পনা তৈরি হয়েছিল। এই আবহে কংগ্রেস নেতা জয়রাম রমেশ বৃহস্পতিবার দাবি করেন যে এই লোকসভা নির্বাচনে ইন্ডিয়া ব্লকের জয়ের বিষয়ে তারা আশাবাদী। এই আবহে লোকসভা নির্বাচনে ‘নির্ধারক ম্যান্ডেট’ অর্জন করার ৪৮ ঘণ্টারও কম সময়ের মধ্যে তারা প্রধানমন্ত্রী পদের প্রার্থী চূড়ান্ত করতে পারে বলে জানিয়েছেন জয়রাম রমেশ। পাশাপাশি তিনি দাবি করেন, জোটে যে দলের সবচেয়ে বেশি আসন থাকবে, তাদরই নেতৃত্বের দাবি করা যুক্তিযুক্ত। সংবাদসংস্থা পিটিআই-কে জয়রাম রমেশ বলেন, ‘‘এনডিএ ২৭২-এর ম্যাজিক ফিগার পার করতে পারবে না।’’ এদিকে জয়রাম রমেশ আরও দাবি করেন, ইন্ডিয়া ব্লকের সরকারের সংখ্যাগরিষ্ঠতা নিশ্চিত হলে এনডিএ-তে থাকা অনেক দলই তাদের দিকে ঝুঁকতে পারে। সেই সময় কংগ্রেস হাই কমান্ড তাদেরকে জোটে নেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বলে জানান জয়রাম রমেশ। এদিকে এর আগে রাহুল গান্ধি সম্প্রতি দাবি করেছিলেন, ৪ জুন ইন্ডিয়া ব্লক সরকার গঠন করবে। তা নিয়ে দেবেন্দ্র ফড়ণবীস সব বিজেপির একাধিক শীর্ষ স্থানীয় নেতা রাহুলকে কটাক্ষ করেছেন। এদিকে গত সোমবারও মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ‘‘মোদি ক্ষমতায় ফিরবে কি না জানি না। তবে মোদির ক্ষমতায় না ফেরার সম্ভাবনাটাই বেশি।’’

‘নোনা জলে সোনা ফলে’ শাহজাহানের বিরুদ্ধে চার্জশিট দাখিল করল ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ বৃহস্পতিবার ইডি তৃণমূলের বহিষ্কৃত নেতা শেখ শাহজাহানের বিরুদ্ধে চার্জশিট দাখিল করল। এর আগে সিবিআই তার বিরুদ্ধে চার্জশিট জমা দিয়েছিল। এবার ইডির পালা। শেখ শাহজাহান, তার ভাই ও আরও দুজন অভিযুক্তের নামে এই চার্জশিট জমা দেওয়া হয়েছে। সিবিআইয়ের বিশেষ আদালতে এই চার্জশিট জমা দেওয়া হয়েছে। আর্থিক নয়ছয়, প্রতারণা সংক্রান্ত মামলায় এই চার্জশিট। ইডি জানিয়েছে, পশ্চিমবঙ্গ পুলিশ অন্তত ১৩টি এফআইআর করেছিল। তার ভিত্তিতেই এই তদন্ত শুরু হয়। তার বিরুদ্ধে অস্ত্র আইনেও মামলা হয়েছিল। সেই এফআইআরে উল্লেখ করা হয়েছিল শেখ শাহজাহান ও তার সঙ্গীরা একেবারে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছিল। মারধর, খুন, তোলাবাজি সহ নানাভাবে তারা এই পরিস্থিতি তৈরি করেছিল। ইডি তার বিবৃতিতে জানিয়েছে, শেখ শাহজাহান গোটা এলাকায় একেবারে দুষ্কৃতীরাজ কায়েম করেছিল। জমি ছিনিয়ে নেওয়া, অবৈধভাবে মাছের ভেড়ি তৈরি করা, অবৈধভাবে কর বা লেভি আদায় করা ও জমি বেচাকেনার জন্য কমিশন আদায় করা, ইট ভাটা কেড়ে নেওয়া সহ একাধিক ক্ষেত্রে শাহজাহান তার সাম্রাজ্য

বিস্তার করেছিল। কার্যত বলা হল লোনা জলে সোনা ফলেউল্লেখ ইডির চার্জশিটে। এদিকে তদন্তে নেমে ইডি অনেকের সঙ্গে কথা বলে। কৃষক, আদিবাসী, মাছের ব্যবসায়ী, এজেন্ট, আমদানিকারক, জমির মালিক, ঠিকাদার, সহ অনেকজনের সঙ্গে কথা বলেন তদন্তকারী আধিকারিকরা। ইতিমধ্যে ইডির তরফে তল্লাশি চালিয়ে তিনটি গাড়ি বাজেয়াপ্ত করা হয়েছে। তার মধ্যে শাহজাহান ও তার ভাই আলমগীরের গাড়ি রয়েছে। এদিকে এর আগে ইডি একাধিক স্থাবর ও অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত করেছে। সব মিলিয়ে ২৭.০৮ কোটির সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। তদন্তে দেখা গিয়েছে, প্রায় ২৬১.৪১ কোটির অপরাধ (প্রসিডস অফ ক্রাইম) সংগঠিত করেছিল বলে তদন্তকারীরা জানতে পেরেছেন। নকল ঠিকাদার দিয়ে সরকারি টাকা লুঠ করার অভিযোগও শাহজাহানের বিরুদ্ধে। এদিকে বুধবার সন্দেশখালিতে গিয়ে বাসিন্দাদের সঙ্গে কথা বলে যে বিষয়টি উঠে এসেছে তা কার্যত হাড়হিম করা ব্যাপার। একাধিক বাসিন্দা দাবি করেন যে তাদের চাষের জমি জোর করে কেড়ে নিত শাহজাহান বাহিনী। সেখানে লোনা জল ঢুকিয়ে দিত। আর সেই জলেই চাষ হত। কিন্তু সেই চাষের জমি কেড়ে নেওয়ার বিনিময়ে একবার টাকা দিলেও আর তারা টাকা দিতে চায়নি। টাকা চাইলেই চলত অত্যাচার। তবে এখনও আতঙ্কে কাঁটা হয়ে রয়েছেন বাসিন্দারা। তাদের দাবি, শাহজাহানরা ফিরে এলেই ভয়াবহ অত্যাচার শুরু করবে। সিপিএম আমলেও এমন অত্যাচার হত না।

সপ্তম দফায় ‘ব্রহ্মাস্ত্র’ নিয়ে নামছে কমিশন, ‘খেলা’ কিন্তু বেশ কঠিন

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ ১ জুন শেষ দফার ভোট। বাংলার ৯ লোকসভা কেন্দ্রে ভোট। কলকাতা উত্তর, কলকাতা দক্ষিণ, যাদবপুর, দমদম, বারাসত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবারের ভোট। শেষ দফা ভোটে পাখির চোখ কমিশনের। নির্বিঘ্নে ভোট করতে শেষ দফায় ‘ফুল ফোর্স’ নিয়ে নামছে কমিশন। সবথেকে বেশি কেন্দ্রীয় বাহিনী থাকছে এই দফার ভোটে। শুধু লোকসভা ভোটই নয়, এদিন বরাহনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনও। এই ভোটও যথেষ্ট হাইভোল্টেজ। শতবর্ষ পার করেছেন এমন হাজারেরও বেশি ভোটার রয়েছেন এই দফায়। সপ্তম দফার নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী থাকছে ৯৬৭ কোম্পানি। পুলিশ জেলার নিরিখে কলকাতায় থাকছে ২৪৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। বারাসতে ৮১ কোম্পানি, ব্যারাকপুরে ৮১ কোম্পানি, বারুইপুরে ১৬০ কোম্পানি, বসিরহাটে ১১৬ কোম্পানি, বিধাননগরে ৫৯ কোম্পানি, ডায়মন্ড হারবারে ১১০ কোম্পানি, সুন্দরবনে ১১৪ কোম্পানি। সপ্তম দফায় এক ধাপে বেড়েছে কুইক রেসপন্স টিম বা কিউআরটি। ১ জুন থাকছে ১৯৫৮ কিউআরটি। সপ্তম দফায় কলকাতার ভোট রয়েছে। কলকাতায় থাকবে ৬০০ কিউআরটি। কমিশনের দাবি, এবার মাত্র ১৫ মিনিটে স্পটে পৌঁছে যাবে কিউআরটি।

শুভেন্দু বসিরহাটে বললেন, ‘নিমন্ত্রণ পত্র এসে গেছে, শওকত মোল্লা এখন ব্যাগ গোছাচ্ছেন’

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ৩০ মেঃ প্রচারের শেষদিনে বক্তব্য রাখতে গিয়ে শওকত মোল্লাকে নিশানা করলেন শুভেন্দু অধিকারী। জেলে যাওয়ার জন্য তিনি এখন ব্যাগ গোছাচ্ছেন বলে মন্তব্য করেন বিরোধী দলনেতা। সন্দেশখালি কাণ্ডে ধৃত শেখ শাহজাহানের প্রসঙ্গ তুলে তিনি বলেন, ‘‘এখন নিজে কাঁদছিল। আর দু'দিন আগে বলেছে, ওকে নাকি আমরা গ্রেফতার করিয়েছি বসিরহাট আসন নেওয়ার জন্য। জেলে বসে বলছেন তিন লক্ষ ভোটে জিতবেন।’’ এরপরেই শুভেন্দু অধিকারী বলেন, ‘‘একজন জেলে বসে সব শুনছে, অন্যজন ব্যাগ গোছাচ্ছেন, শওকত মোল্লা। ওপারে ক্যানিং। ব্যাগ গোছাচ্ছেন। নিমন্ত্রণপত্র এসে গেছে।’’ মঙ্গলবার রাতেই কয়লা পাচার কাণ্ডে ভাঙড়ের তৃণমূল পর্যবেক্ষক শওকত মোল্লাকে তলব করে সিবিআই। বুধবার সকালেই তাঁকে নিজাম প্যালেসে ডাকা হয়। তবে রাজনৈতিক কর্মসূচি রয়েছে বলে জানিয়ে হাজিরা দেননি শওকত। চিঠি লিখে তিনি সিবিআইকে জানিয়ে দেন ভোট মিটলে হাজিরা দেবেন। শনিবার দক্ষিণ ২৪ পরগনার জয়নগর, যাদবপুর, মথুরাপুর এবং ডায়মন্ডহারবার কেন্দ্রে ভোট। তার আগে শওকতকে বুধবারই নিজামে হাজিরা দিতে বলা হয়েছিল। যাদবপুর বিধানসভা কেন্দ্রের মধ্যেই পড়ে ভাঙড়। ভাঙড়ের পর্যবেক্ষক হিসেবে এই মুহূর্তে তাঁর ব্যস্ততা তুঙ্গে। ক্যানিং পূর্বের বিধায়ক শওকতের নিজের এলাকা পড়ে জয়নগর লোকসভার মধ্যে। তাই ১ তারিখ পর্যন্ত তিনি যে ব্যস্ত সিবিআইয়ের এত্তেলা পেয়ে সঙ্গে সঙ্গেই সে কথা জানিয়ে দেন শওকত। বুধবার বারুইপুর পূর্বে জনসভা ছিল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের। শওকতকে নোটিশ

পাঠানোয় মঞ্চেই ক্ষোভে ফেটে পড়েন মুখ্যমন্ত্রী। কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাকে আক্রমণ করে তিনি বলেন, ‘‘বেচারা শওকতকে মধ্যরাতে নোটিস পাঠিয়েছে সিবিআই। বলছে ‘কালকে এসে দেখা করো’। জমিদারি নাকি? এখন নির্বাচন করাবে নাকি দেখা করতে যাবে?’’ তিনি যে ক্যানিং পূর্বের বিধায়কের পাশেই আছেন তাও বোঝা গেছে মুখ্যমন্ত্রীর কথায়। তিনি বলেন, ‘‘শওকতকে আমি খুব ভালবাসি। খুব ভাল কাজ করছে ও।’’ এদিকে বৃহস্পতিবার প্রচারের শেষলগ্নে শুভেন্দুর বক্তব্যের পরেই ক্ষোভে ফেটে পড়েন বসিরহাটের তৃণমূল নেতৃত্ব। তাঁরা বলেন, ‘‘শেখ শাহজাহান জেলে থাকলেও তাঁর কথা ভুলতে পারছে না বিরোধী দলনেতা। আবার সিবিআই নিয়ে বিরোধীদের হুমকি দিচ্ছেন। কখনও শেখ শাহজাহানের কথা বলছেন। আবার কখনও শওকত মোল্লার কথা বলছেন। বেশ কিছু নেতার নাম করে হুমকি দিচ্ছেন প্রকাশ্যে জনসভায়।’’

রাস্তা থেকে ছিটকে সোজা খাদে বাস! বেঘোরে মৃত্যু অন্তত ২০ তীর্থযাত্রীর

শ্রীনগর, ৩০ মেঃ জম্মু ও কাশ্মীরে বড় মাপের পথ দুর্ঘটনা। বৃহস্পতিবার (৩০ মে), তীর্থযাত্রীদের নিয়ে গভীর খাদে পড়ে গেল একটি বাস। দুর্ঘটনাটি ঘটেছে জম্মু জেলার আখনুর এবং ভাম্বলার মধ্যে, রাজৌরি পুঞ্চ জাতীয় সড়কের উপর। রাস্তা থেকে পিছলে গভীর খাদে পড়ে যায় বাসটি। এই ঘটনায় অন্তত ২০ জনের মৃত্যু হয়েছে এবং আরও অন্তত ৪০ জন গুরুতর আহত হয়েছেন বলে প্রাথমিক খবর পাওয়া গিয়েছে। একটি সূক্ষ্ম মোড় ঘুরতে গিয়ে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায় বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন। সংবাদ সংস্থা পিটিআই-এর খবর অনুযায়ী, বাসটি প্রায় ১৫০ ফুট নীচে গড়িয়ে পড়ে। জম্মুর জেলাশাসক সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, ‘উত্তর প্রদেশের হাথরস থেকে তীর্থযাত্রী নিয়ে আসা একটি বাস, জম্মুর আখনুরের তান্ডার কাছে দুর্ঘটনায় পড়েছে। উদ্ধার অভিযান চলছে।’ জম্মু ও কাশ্মীরের

পরিবহন কমিশনার, রাজিন্দর সিং তারাও এই দুর্ঘটনার কথা জানিয়েছেন। হাথরস থেকে বাসটি হরিয়ানার কুরুক্ষেত্র হয়ে, তীর্থযাত্রীদের নিয়ে জম্মু ও কাশ্মীরের রিয়াসি জেলার শিব খোরি এলাকায় যাচ্ছিল। চৌকি চৌরা তুগি মোড় নামে, এক সূক্ষ্ম মোড়ের কাছে বাসটি দুর্ঘটনায় পড়ে। দুর্ঘটনার পর, প্রাথমিকভাবে স্থানীয় বাসিন্দারাই উদ্ধারে হাত লাগান। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ ও সেনার উদ্ধারকারীরাও। তবে, এলাকাটি দুর্গম হওয়ায়, উদ্ধারকাজটা সহজ ছিল না। প্রাথমিক চিকিৎসার পর, আহতদের বেশ কয়েকজনকে জম্মু সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। বাকিদের চৌকি চৌরা হাসপাতাল ও আখনুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। জম্মুর সরকারি মেডিকেল কলেজের মেডিকেল সুপারিনটেনডেন্ট, নরিন্দর সিং বলেছেন, ‘‘প্রাথমিকভবে হতাহতদর সিএসই আখনুরে ভর্তি করা হয়েছিল। তারা আমাদের জানিয়েছে, আমাদের এখানে তারা প্রায় ২০ থেকে ২৫ জন রোগী পাঠাবে। এর মধ্যে ১৬ জন রোগী ইতিমধ্যেই আমাদের হাসপাতালে এসে গিয়েছেন। বাসটি পর্যটক নিয়ে আসছিল। হতাহতরা কেউই স্থানীয় বাসিন্দা নন। তারা জম্মুর বাইরে থেকে এসেছেন।’’ এই দুর্ঘটনার প্রেক্ষিতে শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদ মুর্মু। সোশ্যাল মিডিয়ায় তিনি লিখেছেন, ‘জম্মুর কাছে আখনুরে বাস দুর্ঘটনায় প্রাণহানির কথা জেনে ব্যাথিত। শোকাহত পরিবারগুলির প্রতি আমার গভীর সমবেদনা রইল। আমি আহতদের দ্রুত আরোগ্য কামনা করছি।’

গোয়ার প্রতিষ্ঠা দিবসে অমিত শাহর শুভেচ্ছা

কলকাতা, ৩০ মে ঃ গোয়ার প্রতিষ্ঠা দিবসে এক্স-বার্তায় শুভেচ্ছা জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।বৃহস্পতিবার তিনি লিখেছেন, গোযায়.আমাদের বোন ও ভাইদের রাজ্য প্রতিষ্ঠা দিবসের শুভেচ্ছা। এর মনোরম সৈকত এবং প্রাণবন্ত সংস্কৃতির সাথে, গোয়া বছরের পর বছর ধরে বিশ্বব্যাপী পর্যটন মানচিত্রে তার চিহ্ন তৈরি করেছে এবং দেশের অর্থনীতিতে প্রচুর অবদান রেখেছে। আমি গোয়ার জনগণের জন্য শুভকামনা জানাই কারণ মুখ্যমন্ত্রী ড প্রমোদ সাওয়ান্ত জি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রাজ্যকে সমৃদ্ধির নতুন উচ্চতায় নিয়ে যাচ্ছেন।প্রসঙ্গত, ১৯৬৭ সালে, গোয়া বিধানসভা সম্পূর্ণ রাজ্যের মর্যাদা চেয়ে একটি প্রস্তাব জারি করে এটি পরে ১৯৮৭-র ৩০ মে এটি স্বীকৃত হয়।

পুরীর মন্দিরের দুর্ঘটনায় প্রার্থনা মমতা বন্দ্যোপাধ্যায়ের

কলকাতা, ৩০ মে ঃপুরীর জগন্নাথ দেবের চন্দন যাত্রায় বাজির স্তূপে আগুন লেগে ভয়াবহ দুর্ঘটনা। বাজি ফেটে জখম হলেন বহু পুণ্যার্থী। এই ঘটনায় বৃহস্পতিবার এক্স-বার্তা দিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।তিনি লিখেছেন, ভগবান জগন্নাথের চন্দন যাত্রার সময়.পুরীতে বিধ্বংসী আতশবাজির ঘটনা সম্পর্কে জেনে হতবাক। দুর্ঘটনার ফলে বেশ কয়েকজন আহত হয়েছেন। তাঁদের দ্রুত এবং সম্পূর্ণ সুস্থতার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করি। ওড়িশা সরকারের প্রতি সংহতি জানাই।ঘটনাটি ঘটেছে বুধবার রাতে ওডিশার পুরীতে। চন্দন যাত্রা উপলক্ষে বহু পুণ্যার্থী জড়ো হয়েছিলেন। সেইসময় দুর্ঘটনাটি ঘটে। সূত্রের খবর, অন্তত ২৫ জন গুরুতর জখম হয়েছেন। তাঁদের নিকটবর্তী হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে তাঁরা হাসপাতালে চিকিৎসাধীন।

ইয়েস ব্যাঙ্কের ঝাঁসি ব্রাঞ্চে আগুন, শীতাতপ যন্ত্রে বিস্ফোরণ থেকেই বিপত্তি!

ঝাঁসি, ৩০ মে ঃ উত্তর প্রদেশের ঝাঁসিতে আগুন লাগল একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের শাখায়। বৃহস্পতিবার সকালে রাষ্ট্রায়ত্ত ইয়েস ব্যাঙ্কের ঝাঁসি ব্রাঞ্চে আগুন লাগে, শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্রে বিস্ফোরণ থেকেই এই বিপত্তি! দমকল কর্মীদের বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন আয়ত্তে এসেছে।পুলিশ ও দমকল জানিয়েছে, বৃহস্পতিবার ইয়েস ব্যাঙ্কের ঝাঁসি ব্রাঞ্চে আগুন লাগে। মুহূর্তের মধ্যেই ব্যাঙ্কের ভিতরের অংশ কালো ধোঁয়ায় ঢেকে যায়। ঝাঁসির সিএফও রাজ কিশোর রাই বলেছেন, স্প্লিট এসি-তে বিস্ফোরণের জেরে এই অগ্নিকাণ্ড। আগুন নিভিয়ে ফেলা হয়েছে, তাপমাত্রা অনেকটাই বেশি, সেই কারণে আগুনের ফুলকি থেকেও আগুন লাগতে পারে।

ঝড়ে লন্ডভণ্ড যুক্তরাষ্ট্রের ডালাসের প্রেইরি ভিউ স্টেডিয়াম, উদ্বোধনী ম্যাচ নিয়ে শঙ্কা!

নিউইয়র্ক, ৩০ মে ঃবিশ্বকাপ শুরু হতে বাকি আর মাত্র ৩ দিন। কিন্তু এরই মধ্যে বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ ঘিরে আশঙ্কা দেখা দিয়েছে। কারণ প্রচন্ড ঝড়ে লন্ডভণ্ড হয়ে গিয়েছে যুক্তরাষ্ট্রের ডালাসের প্রেইরি ভিউ স্টেডিয়াম। ঝড়ের কারণে স্টেডিয়ামের বড় স্ক্রিন ভেঙ্গে গেছে। আর এতেই শঙ্কা দেখা দিয়েছে বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ নিয়ে।বর্তমানে ডালাসের প্রেইরি স্টেডিয়ামে সংস্কারের কাজ চলছে। কর্তৃপক্ষের আশা বিশ্বকাপের আগেই তৈরি হয়ে যাবে স্টেডিয়ামটি।

আখনুরে গভীর খাদে পড়ল বাস মৃত্যু ৭ জনের

জম্মু, ৩০ মে ঃ জম্মু ও কাশ্মীরের আখনুরে গভীর খাদে পড়ল যাত্রীবোঝাই একটি বাস। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৭ জনের। এছাড়াও কমপক্ষে ২৮ জন আহত হয়েছেন। ঘটনাটি ঘটে বৃহস্পতিবার

বিজেপি ক্ষমতায় ফিরলে শেয়ার বাজারে লাভবান হবে,পূর্বাভাস সিএলএসএ-র

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ টিভি, ইউটিউব, ফেসবুক সহ সমস্ত সোশ্যাল মিডিয়া খুললেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর তৃতীয় সরকার গঠনের দাবির বিজ্ঞাপনে চোখ-কান অবশ হয়ে আসছে। তখন উদার অর্থনীতির ধারক বিজেপির ক্ষমতায় আসার বিষয়ে দম আটকে অপেক্ষা করছে দেশ ও পরোক্ষে বিদেশেরও কিছু শেয়ার বাজার।আগামী শনিবার শেষ দফার ভোটের আগে আন্তর্জাতিক শেয়ার ব্রোকারেজ ও এশিয়ান ক্যাপিটাল মার্কেট অ্যান্ড ইনভেস্টমেন্টের প্রথম সারির কোম্পানি সিএলএসএ (CLSA) জানাল, চলতি সরকার ফের ক্ষমতায় এলে তাদের আর্থিক নীতির ফলে অন্তত ৫৪টি কোম্পানি প্রত্যক্ষভাবে সুফল লাভ করবে। তার মধ্যে মুকেশ আম্বানির মালিকানাধীন রিলায়েন্স ইন্ডাস্ট্রি, রয়েছে। সিএলএসএ-র মতে, ১৮৩টি লিকুইড স্টকের মধ্যে ৫৪টি শেয়ার দর প্রত্যক্ষ সুফল লাভ করবে মোদী ফের প্রধানমন্ত্রী হলে। এর মধ্যে অর্ধেকই হল রাষ্ট্রায়ত্ত সংস্থার শেয়ার। ক্যাপেক্স এবং পরিকাঠামো ক্ষেত্রের এই শেয়ারগুলিকে ব্রোকারেজ দুনিয়ায় নাম দেওয়া হয়েছে 'মোদী স্টক'।তাদের মতে, ইতিমধ্যেই মোদী স্টক নিফটির তালিকায় দারুণ জায়গায় পৌঁছানোর অবস্থায় রয়েছে এবং তা ধারাবাহিক চলতে থাকবে। এই রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির মধ্যে রয়েছে এল অ্যান্ড টি, এনটিপিসি, এনএইচপিসি, পিএফসি, ওএনজিসি, আইজিএল এবং মহানগর গ্যাস। ব্রোকারেজের অনুমান, এই রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির শেয়ার জুন-জুলাই পর্যন্ত বৃদ্ধির ধারাবাহিক সম্ভাবনা আছে।দৃষ্টান্ত দিয়ে সিএলএসএ জানিয়েছে, এই একই বৃদ্ধির হার লক্ষ্য করা গিয়েছিল গত দুটি ভোটের ফলের সময়ও। শেয়ার বাজার ছাড়াও এইচডিএফসি, আইসিআইসিআই, অ্যাক্সিস এবং ইন্ডাসইন্ড ব্যাঙ্কগুলিও আর্থিক বৃদ্ধিতে লাভবান হবে এবং তাদের শেয়ারেরও দাম চড়বে বলে পূর্বাভাস দিয়েছে এই সংস্থা।অন্যান্য যে কোম্পানিগুলির শেয়ার বৃদ্ধির প্রবণতা দেওয়া হয়েছে, সেগুলি হল হিন্দুজা গ্রুপের অশোক লেল্যান্ড, অ্যাপ্টোটেক, বাজাজ ফিনান্স, ম্যাক্স ফিনান্সিয়াল, জোম্যাটো এবং ডিমার্ট। টেলিকম ক্ষেত্রে রয়েছে ভারতী এয়ারটেল, ইন্ডাস টাওয়ার্স এবং রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ।

উন্নয়নের পথে এগিয়ে চলুক, গোয়ার প্রতিষ্ঠা দিবসে বার্তা রাষ্ট্রপতি মুর্মুর

কলকাতা, ৩০ মে ঃগোয়ার প্রতিষ্ঠা দিবসে বৃহস্পতিবার এক্স-বার্তায় শুভেচ্ছা জানালেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।তিনি লিখেছেন যে, গোয়ার রাজ্য প্রতিষ্ঠা দিবসে, আমি গোয়ার সমস্ত বাসিন্দাদের আমার শুভেচ্ছা জানাই। গোয়া মহান প্রাকৃতিক সৌন্দর্য এবং প্রাণবন্ত সংস্কৃতির একটি দেশ। গোয়ার মানুষ তাঁদের প্রগতিশীল মূল্যবোধ এবং আতিথেয়তার জন্য পরিচিত। গোয়া বিভিন্ন মানব উন্নয়ন সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি করেছে। এই সুন্দর রাষ্ট্র এবং এর জনগণের উন্নতি অব্যাহত থাকুক এবং উন্নয়নের পথে এগিয়ে চলুক।

বাগদাদে মার্কিন দূতাবাস বন্ধের দাবি ইরাকের ধর্মীয় নেতার

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ ইরাকের প্রভাবশালী ধর্মীয় নেতা মুকতাদা আল-সদর দেশটির রাজধানী বাগদাদে মার্কিন দূতাবাসের কার্যক্রম বন্ধ করে দেওয়ার বিষয়ে তাঁর দাবি পুনর্ব্যক্ত করেছেন। ফিলিস্তিনের গাজায় একটি আশ্রয়শিবিরে ইসরায়েলি হামলায় কয়েক ডজন বেসামরিক মানুষ নিহত হওয়ার পর গত মঙ্গলবার এ কথা বলেন তিনি।ভ্রগাজার দক্ষিণাঞ্চলে রাফা শহরে গত রোববার রাতে একটি আশ্রয়শিবিরে বোমা হামলা চালায় ইসরায়েলি বাহিনী। এতে ওই শিবিরের তাঁবুগুলো আগুনে পুড়ে যায়। স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তারা জানান, এই হামলায় অন্তত ৪৫ জন নিহত হয়েছেন।এই হামলার প্রতিক্রিয়ায় এক্সে (সাবেক টুইটার) একটি বিবৃতিত পোস্ট করেছেন মুকতাদা

আল-সদর। তিনি হামলার সমালোচনা করে বলেন, 'গাজায় যে গণহত্যা চলছে, তাতে নির্লজ্জ সমর্থন দিচ্ছে ওয়াশিংটন।'বিবৃতিতে তিনি আরও বলেন, ' আমি বাগদাদ থেকে মার্কিন রাষ্ট্রদূতকে বহিষ্কার এবং রক্তপাত ছাড়া কূটনৈতিক কৌশলে বাগদাদে মার্কিন দূতাবাসের কার্যক্রম বন্ধ করে দেওয়ার দাবি আবারও জানাচ্ছি।'মুকতাদা আল-সদর ইরাকের প্রভাবশালী শিয়া ধর্মীয় নেতা। একসময় মিলিশিয়া বাহিনীর নেতৃত্ব দিয়েছেন তিনি। পরে অস্ত্র ছেড়ে রাজনীতিতে যুক্ত হন। শুরু থেকেই মার্কিনবিরোধী হিসেবে পরিচিতি রয়েছে তাঁর। ২০০৩ সালের পরবর্তী সময়ে ইরাকে মার্কিন সেনাদের বিরুদ্ধে অস্ত্র তুলে নিয়েছিল মুকতাদা আল-সদরের বাহিনী।ইরাকি শিয়াদের মধ্যে মুকতাদা আল-সদরের বেশ প্রভাব রয়েছে। লাখ লাখ অনুসারী রয়েছে তাঁর। তাই দেশের জাতীয় রাজনীতিতেও গুরুত্বপূর্ণ প্রভাব রাখেন এই ধর্মীয় নেতা। এদিকে ইরাকের পররাষ্ট্র মন্ত্রণালয় গাজায় আশ্রয়শিবিরে হামলায় হতাহতের ঘটনায় সমালোচনা করে বলেছে, গাজায় ' দখলদারিত্ব অব্যাহত রাখতে অপরাধমূলক কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে' ইসরায়েল। সেই সঙ্গে এসব বন্ধে পদক্ষেপ নিতে ও ইসরায়েলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করতে আন্তর্জাতিক সম্প্রদায়রে প্রতি আহ্বান জানানো হয়েছে।

মাদককে নিজেদের উপার্জনের মাধ্যম বানিয়েছে এএপিঃনরেন্দ্র মোদী

হোশিয়ারপুর, ৩০ মে ঃ পঞ্জাবের হোশিয়ারপুরের নির্বাচনী জনসভায় আম আদমি পার্টির বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আবগারি দুর্নীতি নিয়ে খোঁচা দিয়ে মোদী বলেছেন, এই লোকজন (এএপি) পঞ্জাবকে মাদকমুক্ত করার নামে ক্ষমতায় এসেছিল, কিন্তু তাঁরা মাদককেই নিজেদের উপার্জনের উপায় বানিয়েছে। দিল্লির আবগারি কেলেঙ্কারির কথা সারা বিশ্ব জানে। খনি মাফিয়ারাও এখানে তাণ্ডব চালাচ্ছে।মোদী আরও বলেছেন, এই কট্টর দুর্নীতিগ্রস্ত ও ভয়ঙ্কর মিথ্যাবাদীরা পঞ্জাবকে গ্যাং ওয়ারে ফেলে দিয়েছে। এই লোকজন পঞ্জাবের শিল্প ও কৃষি দুটোই ধ্বংস করে দিয়েছে। এই কট্টর দুর্নীতিগ্রস্ত, ভয়ঙ্কর মিথ্যাবাদীরা নারী নিপীড়নেও এক নম্বরে পরিণত হচ্ছে। কংগ্রেসের সমালোচনা করে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, কংগ্রেস দুর্নীতির জননী। ৬০ বছর ধরে কংগ্রেস দুর্নীতির অনেক ঘটনা ঘটিয়েছে। মনে হচ্ছে কংগ্রেস দুর্নীতিতে পিএইচডি করেছে। মোদীর সংযোজন, এখন আরেকটি দুর্নীতিগ্রস্ত দল (এএপি) কংগ্রেসে যোগ দিয়েছে। পঞ্জাবে তাঁরা মুখোমুখি লড়াইয়ের নাটক করছে, আর দিল্লিতে একসঙ্গে নির্বাচনে লড়ছে। দুর্নীতিগ্রস্তদের জনগণ উচিত শিক্ষা দেবে বলেও মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী মোদী।

দিল্লি হিংসায় অভিযুক্ত উমর খলিদের জামিনের আবেদন নাকচ, জেলেই থাকবেন ছাত্রনেতা

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ দিল্লিতে ২০২০ সালের হিংসার ঘটনায় অভিযুক্ত জেএনইউ-র প্রাক্তন ছাত্রনেতা উমর খালিদের জামিনের আবেদন খারিজ করল করকরডুমা আদালত। সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ) বিরোধী বিক্ষোভ চলাকালীন ওই হিংসার ঘটনায় উমরের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ এনে বেআইনি কার্যকলাপ প্রতিরোধ আইনে (ইউএপিএ) মামলা করেছিল দিল্লি পুলিশ। তার পর থেকে একাধিকবার জামিনের আবেদন জানিয়েছিলেন জেএনইউ-এর এই প্রাক্তন ছাত্র নেতা। প্রতিবারই তা খারিজ হয়ে যায়। এবারও তার ব্যতিক্রম হল না।ভ্ররাজধানীর মাটিতে সিএএ এবং এনআরসি বিরোধী আন্দোলন চলাকালীন ২০২০ সালের ফেব্রুয়ারিতে দক্ষিণ-পূর্ব দিল্লির হিংসায় মৃত্যু হয় ৫৩ জনের। এই ঘটনায় মূল ষড়যন্ত্রকারী হিসাবে অভিযোগ ওঠে উমরের বিরুদ্ধে। উস্কানিমূলক বক্তব্য দেওয়ার অভিযোগে ওই বছরের সেপ্টেম্বর মাসে তাঁকে গ্রেপ্তার করে দিল্লি পুলিশ। তার বিরুদ্ধে দায়ের হয় রাষ্ট্রদ্রোহের মামলা। যদিও উমর খালিদের (Umar Khalid) গ্রেপ্তারির বিষয়টি নিয়ে পুলিশের ভূমিকায় প্রশ্ন উঠেছিল। দিল্লি পুলিশের বিরুদ্ধে অভিযোগ ওঠে, মোদি সরকারের এনআরসি (NRC) এবং সিএএ (CAA) বিরোধী আন্দোলনে যোগদান করেছিলেন জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রনেতা। সেই কারণেই তাঁকে ফাঁসানোর চেষ্টা করে কেন্দ্রের নিয়ন্ত্রণাধীন দিল্লি পুলিশ। এই কারণেই উমর-সহ অন্য ছাত্র নেতাদের নাম দিল্লির দাঙ্গার ঘটনায় যোগ করা হয়েছে।ভ্রতবে গ্রেপ্তারির পর ৪ বছর কেটে গেলেও এখনও জামিন পাননি উমর। দিল্লি হাই কোর্টের ২০২২ সালের ১৮ অক্টোবরের রায়ে তাঁর জামিনের আর্জি খারিজ হলে শীর্ষ আদালতে গিয়েছিলেন উমর। ২০২৩ সালের অগস্টে উমরের জামিনের আবেদনের শুনানি থেকে নিজেকে সরিয়ে নেন সুপ্রিম কোর্টের বিচারপতি প্রশান্তকুমার মিশ্র। এর পরে শীর্ষ আদালত থেকে জামিনের আর্জি প্রত্যাহার করে নিয়ে নতুন করে করকরডুমা আদালতের দ্বারস্থ হয়েছিলেন উমর। তবে সেখানেও মিলল না জামিন।যদিও ২০২০ সালের দিল্লিতে দাঙ্গার সময় পাথর ছোড়ার মামলায় প্রাক্তন ছাত্রনেতা উমর খালিদকে মুক্তি দিয়েছিল দিল্লির করকরদুমা আদালত। তাঁর সঙ্গে ছাড়া পেয়েছিলেন আরও এক প্রাক্তন ছাত্রনেতা খালিদ সইফি (Khalid Saifi)। এরপরেও অবশ্য দিল্লি দাঙ্গার মূল ষড়যন্ত্রকারী হিসাবে অভিযুক্ত খালিদ জেলেই থাকেছেন। ছাড়া পাননি সইফিও। যেহেতু দু'জনের বিরুদ্ধে বেআইনি কার্যকলাপ প্রতিরোধ আইন (UAPA)-এ রুজু করা মামলার এখনও নিষ্পত্তি হয়নি।

পুরীতে ভগবান জগন্নাথের চন্দন যাত্রার সময় দুর্ঘটনা, আতশবাজি ফেটে আহত ২০ জন ভক্ত

পুরী, ৩০ মে ঃপুরীতে ভগবান জগন্নাথ দেবের চন্দন যাত্রার সময় ঘটে গেল মর্মান্তিক দুর্ঘটনাটি। আতশবাজি ফেটে আহত হয়েছেন কমপক্ষে ২০ জন ভক্ত। তাঁদের মধ্যে বেশ কয়েকজন দগ্ধ হয়েছেন। পুরীর জেলাশাসক সিদ্ধার্থ সোয়াইন বলেছেন আমাদের অগ্রাধিকার হল আহতদের সম্ভাব্য সর্বোত্তম চিকিৎসা প্রদান করা। এখনও পর্যন্ত আমাদের কাছে তথ্য রয়েছে, এই ঘটনায় ২০ জন আহত হয়েছে।পুলিশ সুপার পিনাক মিশ্র বলেছেন, বাজি ফাটানোর সময় আগুনের ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছেন। আহতদের সবাইকে কটকের এসসিবি হাসপাতালে পাঠানো হয়েছে। আহতদের চিকিৎসা এবং তারপর আমরা অন্যান্য বিষয় দেখব আমরা। গত বুধবার রাতে ভগন্নাথ জগন্নাথদেবের চন্দন যাত্রায় সময় আতশবাজি ফেটে মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে। আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা সঙ্কটজনক বলে জানা গিয়েছে।

টানা বৃষ্টিতে তিস্তার জলস্তর বিপদ সীমা লঙ্ঘন করছে! ফের কি বন্যা? আতঙ্কে পর্যটকরা

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ ঘূর্ণিঝ।রে পরবর্তী ত্রিপুরা, অসম, সিকিমে তুমুল বৃষ্টিপাত চলছে। সেখান থেকে প্রচুর মানুষকে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে শেল্টার হোমে। তিস্তার জলস্তরও ক্রমশ বে।ছে এই এক টানা বৃষ্টির কারণে। ফের একবার বন্যা দেখবে না তো সিকিম? অন্তত আশঙ্কা করা হচ্ছে এমনটাই। মঙ্গনের জেলা প্রশাসনের তরফে জানানো হয়েছে, লাগাতার বৃষ্টিপাত চলছে উত্তর সিকিমের বিস্তীর্ণ অংশে। এর জেরে অস্বাভাবিক হারে বেড়ে গিয়েছে তিস্তার জলস্তর। অপেক্ষাকৃত নীচু এলাকাগুলি জলস্তর উপচে ভেসে যাওয়ার আশঙ্কায় আগে থেকে অ্যালার্ট জারি করেছেন মঙ্গন জেলাশাসক। অক্টোবরের বন্যা পরিস্থিতির আতঙ্ক এখনও ভুলতে পারেনি সিকিম। লোনাক নদীতে মেঘ ভাঙা বৃষ্টির জেরে ভয়াবহ দুর্যোগের সম্মুখীন হয়েছিল এই পাহাড়ি রাজ্য। ভেসে গিয়েছিল উত্তর সিকিম সহ একাধিক পর্যটন এলাকা। এমনকী রাজধানী গ্যাংটক শহরও জলে ডুবে গিয়েছিল। পর্যটন ব্যবসায় ধস নেমেছিল। দীর্ঘদিন ধরে ব্যাহত ছিল সিকিমের পর্যটন। ট্যুর বাতিল করে দিয়ে হয়েছিল অসংখ্য পর্যটককে। সেই পরিস্থিতির পর ধীরে ধীরে ছন্দে ফিরেছে সিকিম। ২০২৪ সালের শুরু থেকেই সিকিমের নানা পর্যটন স্থলগুলিতে উপচে পড়ে পর্যটকদের ভিড়। ধুঁকতে থাকা পর্যটন ব্যবসাকে ফের চাঙ্গা করতে একাধিক উদ্যোগ নিচ্ছে সিকিম সরকার। তবে ফের একবার জলস্তর বাড়তে থাকায় তীব্র আতঙ্ক তৈরি হয়েছে।

অমরনাথ যাত্রার পর বিধানসভা ভোট হবে জম্মু ও কাশ্মীরে, আশাবাদী ফারুক আব্দুল্লাহ

শ্রীনগর, ৩০ মে ঃ অমরনাথ যাত্রার পর বিধানসভা ভোট হবে জম্মু ও কাশ্মীরে, এমনটাই আশা করছেন জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা ন্যাশনাল কনফারেন্স সভাপতি ফারুক আব্দুল্লাহ। একইসঙ্গে তিনি বলেছেন, এখানে যখন শান্তিপূর্ণভাবে লোকসভা নির্বাচন হতে পারে, তাহলে বিধানসভা নির্বাচন কেন করা যাবে না?প্রসঙ্গত, জম্মু ও কাশ্মীরে এবার শান্তিপূর্ণ ভোটগ্রহণ হয়েছে। বিপুল সংখ্যক মানুষ উৎসাহের সঙ্গে ভোট দিয়েছেন। এরই প্রেক্ষিতে বৃহস্পতিবার জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুক আব্দুল্লাহ বলেছেন, যখন এখানে শান্তিপূর্ণভাবে সংসদীয় নির্বাচন অনুষ্ঠিত হতে পারে, তাহলে বিধানসভা নির্বাচন কেন করা যাবে না? আমার মনে হয় এই বছর অমরনাথজি যাত্রা শেষ হওয়ার পরে বিধানসভা নির্বাচন হবে।

মোদী-শাহরা নেই অভিষেকের পদ্মে! প্রশ্ন চিহ্ন গেরুয়া দলে

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ সুকান্ত গত শনিবারেই ভোটের দিনক্ষণ ঘোষণা হওয়ার পরে ডায়মন্ড হারবারে পা রেখেছিলেন। বুথস্তরের কর্মীদের নিয়ে জনসভা না করে সেখানে তিনি একটি বৈঠক করেন। তবে দক্ষিণ ২৪ পরগনার বিজেপি নেতাদের একাংশ প্রশ্ন তুলেছেন ভোটের চার-পাঁচদিন আগে ডায়মন্ড হারবারের মতো ' হাই-প্রোফাইল কেন্দ্রে সাংগঠনিক বৈঠক করে লাভ কী? প্রধানমন্ত্রী মঙ্গলবারই কলকাতা উত্তর লোকসভা কেন্দ্রে রোডশো করেন। এর পাশাপাশি অশকনগরে জনসভাও করেন। বিজেপি সূত্র মারফত প্রাপ্ত খবর অনুসারে, গত, ২৯ তারিখ ডায়মন্ড হারবার, মথুরাপুর এবং জয়নগর মিলিয়ে একটি জনসভা করবেন প্রধানমন্ত্রী। সেটাও হবে মথুরাপুরে। সূত্রের খবর, গেরুয়া শিবিরের অনেকেই চেয়েছিলেন, শেষ মুহূর্তে অভিষেকের স্নায়ুর চাপ বাড়াতে সভাস্থল ডায়মন্ড হারবারের কোথাও হোক। কিন্তু সে সম্ভাবনা উবে গিয়েছে।ভ্রকারণ, জয়ের সম্ভাবনার নিরিখে বিজেপির পর্যালোচনায় এগিয়ে রয়েছে মথুরাপুর। ফলে মোদী সেখানেই সভা করার সিদ্ধান্ত নিয়েছেন বলে ধারণা অনেকের। মোদীর সঙ্গে পাল্লা দিয়ে অমিত শাহও গত দু'মাসে বাংলায় একাধিক নির্বাচনী জনসভা করেছেন। তাঁরও ডায়মন্ড হারবারে কোনও সভা করার কথা নেই বলে বিজেপি সূত্রে জানা গিয়েছে। শাহ আর একটিই রোড-শো করতে পারেন বাংলায়, সেটা কলকাতা দক্ষিণ কেন্দ্রে। ডায়মন্ড হারবারের বিজেপি প্রার্থী অভিজি দাসের জবাব, ' কেন জিজ্ঞাসা করছেন! এটা রাজ্য অথবা কেন্দ্রীয় নেতারাই বলতে পারবেন। অভিষেক বন্দ্যোপাধ্যায়কে হারানোর জন্য অবশ্য বড় নেতাদের এখানে ছুটে আসার প্রয়োজন নেই। আমি একাই যথেষ্ট।'বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্যর কথায়, 'সব কিছু ঠিকই আছে। প্রচার ভালোই চলছে ডায়মন্ড হারবারে। ঝাঁজ আরও বাড়বে। ঠিক সময়ে সবাই সেটা দেখতে পাবেন।' তৃণমূল অবশ্য মনে করছে ডায়মন্ড হারবারে ভরাডুবির আশঙ্কাতেই বিজেপি নেতারা সেখানে যাওয়ার উৎসাহ হারিয়েছেন।তৃণমূলের মুখপাত্র শান্তনু সেন বলেন, ' হারবারে যে তৃণমূল জিতছে, তা নিয়ে কারও মনে কোনও সন্দেহ নেই। বিজেপি-ও তা বিলক্ষণ জানে। অভিষেক বন্দ্যোপাধ্যায় সেখানে গতবারের থেকে মার্জিন আরও বাড়ানোর জন্য লড়াই করছেন।' তবে প্রথম থেকে ওই কেন্দ্র নিয়ে গেরুয়া শিবিরের সিদ্ধান্তে প্রশ্ন উঠেছে ভোটারদের মনেও। প্রার্থী তালিকা প্রকাশিত হওয়ার বহু পরে এই কেন্দ্রে পদ্ম প্রতীকে কে লড়াই করবেন ত ঠিকহয়। যা নিয়ে প্রবল আলোচনাও শুরু হয়েছিল।

৩১ মে পর্যন্ত বজায় থাকবে দাবদাহ, দিল্লি-সহ বিভিন্ন রাজ্যে জারি সতর্কতা

নয়াদিল্লি, ৩০ মে ঃ উত্তর-পশ্চিম এবং মধ্য ভারতে দহনজ্বালা অব্যাহত। গরমে হাঁসফাঁস করছে দিল্লি, রাজস্থান, পঞ্জাব, হরিয়ানা, এমনকি জম্মু ও কাশ্মীর এবং হিমাচল প্রদেশও। বিগত প্রায় দু'সপ্তাহ ধরে তাপপ্রবাহ চলেছে দিল্লি-সহ উত্তর-পশ্চিম এবং মধ্য ভারতের বিভিন্ন রাজ্য। গত কয়েক দিন ধরেই তীব্র তাপপ্রবাহের কবলে পড়েছে মধ্যপ্রদেশ, বিহার, ঝাড়খণ্ড, ওডিশা ও উত্তর প্রদেশও। ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) জানিয়েছে, আপাতত গরম রেহাই মিলবে না, ৩১ মে পর্যন্ত বজায় থাকবে দাবদাহ। তারপর কি কমবে গরম, আপাতত সেটা বলতে পারছেন না আবহাওয়াবিদরা।ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, পঞ্জাব, হরিয়ানা-চণ্ডীগড়-দিল্লি, পশ্চিম উত্তর প্রদেশ, রাজস্থান, মধ্যপ্রদেশ, বিহার, ঝাড়খণ্ড এবং ওডিশার বিভিন্ন অংশে ৩১ মে পর্যন্ত তাপপ্রবাহের পরিস্থিতি বিরাজ করবে। এবার গরম কিছুটা কমতে পারে জম্মু ও কাশ্মীর এবং হিমাচল প্রদেশে। জম্মু ও কাশ্মীরের জুনের শুরুতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।এদিকে, প্রবল গরমের মধ্যেই একদিনে ২২০টি আগুন লাগার বিষয়ে ফোন পেয়েছে দিল্লি দমকল। দীপাবলির সময় পাওয়া ফোনকলের থেকেও যা বেশি। বৃহস্পতিবার এমনটাই জানিয়েছেন দিল্লি দমকলের ডিরেক্টর অতুল গর্গ।

এবার ইডির তলব ঋতুপর্ণা সেনগুপ্তকে, রোজভ্যালির পরে এ বার রেশন দুর্নীতিকাণ্ডে

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ রোজভ্যালির পর এবার রেশন দুর্নীতি মামলা! অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্তকে নোটিস পাঠাল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। বৃহস্পতিবার ইডি সূত্রে জানা গিয়েছে, ৫ জুন তাঁকে ইডির দফতরে ডেকে পাঠানো হয়েছে।ইডির একটি সূত্র জানাচ্ছে, ঋতুপর্ণা বর্তমানে আমেরিকায় রয়েছেন। বুধবার ই-মেলে তাঁকে তলব করা হয়েছে। কেন এই তলব? ওই সূত্রের দাবি, রেশন দুর্নীতিতে গ্রেফতার এক অভিযুক্তের সঙ্গে টলিউড অভিনেত্রীর প্রায় এক কোটি টাকা নগদ লেনদেনের হদিস মিলেছে তদন্তে। তার কারণ এবং সেই অর্থের ' গন্তব্য জানতেই তাঁকে ডেকে পাঠানো হয়েছে।ভ্রতবে ইডির নোটিসের বিষয়ে এখনও পর্যন্ত ঋতুপর্ণার কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। প্রসঙ্গত, রেশন দুর্নীতি মামলায় ইডির হাতে রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক, বনগাঁ পুরসভার প্রাক্তন চেয়ারম্যান শঙ্কর আঢ্য, রেশন ব্যবসায়ী বাকিবুর রহমান-সহ শাসকদলের কয়েক জন নেতা ও তাঁদের ঘনিষ্ঠকে ইতিমধ্যেই গ্রেফতার করেছে ইডি। রেশন দুর্নীতির তদন্তেই সন্দেশখালির তৃণমূল নেতা শাহজাহান শেখের

বাড়িতে গিয়ে গত ৫ জানুয়ারি আক্রান্ত হয়েছিলেন ইডির আধিকারিকেরা।এর আগে ২০১৯ সালের জুলাইয়ে ঋতুপর্ণা এবং অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়কে রোজভ্যালিকাণ্ডের তদন্তকারী সংস্থা ইডি জিজ্ঞাসাবাদ করেছিল। এক সময়ে বেশ কিছু বাংলা ছবি প্রযোজনা করেছিল রোজভ্যালি সংস্থা। সেই সূত্রেই ঋতুপর্ণার সঙ্গে সংস্থার কর্ণধার গৌতম কুণ্ডুর যোগাযোগ হয়েছিল বলে ইডির তরফে সে সময় জানানো হয়েছিল।পরবর্তী সময়ে টলিউড অভিনেত্রীর সংস্থার সঙ্গে একটি চুক্তি হয়েছিল রোজভ্যালি গোষ্ঠীর। গৌতমের সংস্থার প্রযোজনায় কয়েকটি ছবিতে অভিনয়ও করেছিলেন ঋতুপর্ণা। সে সংক্রান্ত আর্থিক লেনদেন নিয়ে পাঁচ বছর আগেই সল্টলেকের সিজিও কমপ্লেক্সে তলব করে তাঁর থেকে তথ্য সংগ্রহ করেছিল ইডি।

দিল্লিতে জল কষ্টের জন্য হরিয়ানাকে দুষলেন অতিশী, বললেন যমুনার ওপরই আমরা নির্ভরশীল

নয়াদিল্লি, ৩০ মে ঃ অত্যধিক গরমের মধ্যে জল সঙ্কটে ভুগছে রাজধানী দিল্লি। জলের জন্য মানুষের মধ্যে হাহাকার পড়ে গিয়েছে। এই পরিস্থিতিতে দিল্লিতে জল কষ্টের জন্য হরিয়ানাকে দুষলেন দিল্লির মন্ত্রী অতিশী। তাঁর কথায়, জলের জন্য যমুনাই ভরসা দিল্লীবাসীর। যমুনার জলের ওপরই নির্ভরশীল থাকতে হয়।রাজধানী দিল্লির নানা প্রান্তে জলের সমস্যা দেখা দিয়েছে। স্বাভাবিকভাবেই ক্ষোভ বা।ছে মানুষের মধ্যে। দিল্লির মন্ত্রী অতিশী বৃহস্পতিবার ওয়াজিরাবাদ ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট পরিদর্শন করেন, কথা বলেন আধিকারিকদের সঙ্গে। পরে তিনি বলেন, দিল্লিকে নিজস্ব জল সরবরাহের জন্য যমুনা নদীর উপর নির্ভরশীল থাকতে হয়। যমুনা নদীর যে জল দিল্লিতে আসে তা হরিয়ানা থেকে ছাড়া হয়। আমরা ওয়াজিরাবাদ প্লান্ট নিরীক্ষণ করলাম, এখানে জলস্তর হওয়া উচিত ৬৭৪ ফুট। জলস্টর প্রায় ৩.৫ ফুট কম। এখন যমুনার জলস্তর ৩৭০.৩ ফুট। গত বছর এই দিনে জলস্তর ছিল ৩৭৪.৫ ফুট। যমুনা থেকে যে জল আসে তা ওয়াজিরাবাদ, চন্দ্রওয়াল এবং ওখলা জল শোধনাগারগুলিতে সরবরাহ করা হয়। যখন জলের সরবরাহ কমে যাবে এবং হরিয়ানা থেকে আসা জল কমে যাবে, তখন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট কীভাবে জল উপাদন করবে? আমরা হরিয়ানা সরকারকে একটি চিঠি লিখেছি। হরিয়ানা জল ছাড়ছে না বলে দিল্লির বিভিন্ন অংশে জলের ঘাটতি রয়েছে।অন্যদিকে আবার দিল্লিতে মাত্রাতিরিক্ত গরমের মধ্যে পানীয় জল সঙ্কট বে।ড়েই চলেছে দিল্লিতে। জলের অপচয় রুখতে কঠোর পদক্ষেপ করেছে দিল্লি সরকার। তা সত্ত্বেও জল সঙ্কট কমছে তো না, বরং বে।ড়েই চলেছে। পানীয় জলের সঙ্কটে রীতিমতো দুর্বিষহ অবস্থা দিল্লিবাসীর, ক্ষোভও বাড়ছে ক্রমেই।বৃহস্পতিবার সকালে দিল্লির গীতা কলোনিতে জল সঙ্কটের কারণে স্থানীয় মানুষজনকে সমস্যার মধ্যে প।তে দেখা যায়। ট্যাঙ্কারের মাধ্যমে জল সরবরাহ করা হচ্ছে। কিন্তু

উলুবেড়িয়ায় বিয়েবাড়ি ফেরত অটো থামিয়ে ছিনতাই, আক্রান্ত বরযাত্রীর

উলুবেড়িয়া, ৩০ মে ঃ চাঞ্চল্যকর ঘটনা ঘটল হাওড়ার উলুবেড়িয়ায়। বিয়েবাড়ি ফেরত অটো থামিয়ে ছিনতাই করল দুষ্কৃতীরা, বাধা দেওয়ায় অটো ভাঙচুর করা হয়, এমনকি বরযাত্রীদের মারধর করে দুষ্কৃতীরা। এমনই অভিযোগ উঠেছে। বুধবার রাত ১টা নাগাদ হাওড়ার উলুবেড়িয়ায় ১৬ নম্বর জাতীয় সড়কের ওপর ছিনতাইয়ের ঘটনা ঘটে।দুষ্কৃতীদের মারধরে আহত হয়েছেন এক মহিলা-সহ কয়েকজন বরযাত্রী। পুলিশ সূত্রের খবর, বুধবার রাতে বিয়েবাড়ি থেকে অটোতে চেপে ফিরছিলেন তাঁরা। সেই সময় ১৬ নম্বর জাতীয় সড়কের ওপর তাঁদের অটোর সামনে এসে দাঁ।ায় দুষ্কৃতীরা। অবাধে চলে ছিনতাই।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৩১ মে মার্ট ঃশুক্রবার, ১৭ জ্যৈষ্ঠ মাস ১৪৩১ বঙ্গাব্দ, ইংরেজীঃ৩১ মেঃ ২০২৩, ৫৩৬ চৈত৪নাব্দ৪, কলিঃ৫১২৩, সৌরঃ১৭ জ্যৈষ্ঠ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৩১ মে মাস ১৪৩১, ভারতীয় সিভিলঃ১৭ জ্যৈষ্ঠ মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৪.২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০১ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯০শতকরা এবং ৭৮শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার । জোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫২১মনিটে এবং সূর্য অস্তযাবেঃ৬ টা ১৭ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃপুরাতন জ্যোতিষ শাস্ত্রের এমন একটি ধরণ,যার মাধ্যমে বিভিন্ন সময়কালের নিয়ে ভবিষ্যবাণী করা হয়। যেমন দৈনিক রাশিফল প্রতিদিনের ঘটনার ভবিষ্যকথন করে, তেমন সাপ্তাহিক, মাসিক তথা বার্ষিক রাশিফল যথাক্রমে। শুভ দিন। **বৃষভ রাশিঃ**বন্ধুবান্ধবদের সাথে সন্ধ্যাযাপন সুখকর হবে কিন্তু অতিরিক্ত খাওয়া এবং মদ সম্পর্কে যত্নশীল হোন। অর্থ ব্যয় **মিথুন রাশিঃ**অসুস্থতা থেকে সেরে ওঠার সুযোগ বেশী যা আপনাকে প্রতিযোগিতামূলক খেলাধুলাতে অংশ নিতে সাহায্য করবে। শুভ **কর্কট রাশিঃ**আপনি অন্যদের সঙ্গে খুশি মুহূর্তের যেভাবে শেয়ার করেন সেইভাবেই স্বাস্থ্য বিকশিত হবে। কিন্তু সতর্কতা অবলম্বন করা আবশ্যক কারণ অবহেলা করলে পরে ঝামেলায় পড়তে হতে পারে। শুভদিন হবে। **সিংহরাশিঃ**বাচ্চারা আপনার পছন্দ মতো কাজ নাও করতে পারে- যা আপনাকে রাগান্বিত করতে পারে। বিবাহের যোগ হবে **কন্যারাশিঃ**বিবাহের যোগ হতে পারে আজ থেকে। সুখ বাড়ি। **তুলারাশিঃ**আপনি কিছু আঘাতের সম্মুখীন হলে চরম সাহস এবং শক্তি প্রদর্শন করা প্রয়োজন। **বৃশ্চিক রাশিঃ** আপনার স্বাস্থ্য এবং সৌন্দর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে। কোন দীর্ঘ-স্থায়ী লগ্নি এড়িয়ে চলুন এবং বাইরে **ধনু রাশিঃ** আপনি অন্যদের সমালোচনার অভ্যাসের জন্য সমালোচিত হবেন। শুভ রং লাল **মকর রাশিঃ**আপনার বিরাট আস্থা এবং সহজ কাজের সময়সূচী আপনাকে আজ আরাম করবে। **কুম্ভ রাশিঃ**আপনি আপনার উত্তেজনা থেকে পরিত্রাণ পেতে পারেন। শুভদিন। **মীন রাশিঃ** স্বাস্থ্য সংক্রান্ত সমস্যাগুলি অস্বস্তি বয়ে আনতে পারে। এই রাশিচক্রের সুপ্রতিষ্ঠিত ও সুপরিচিত ব্যবসায়ীদের আজকের অর্থটি খুব চিন্তা করেই বিনিযোগ করতে হবে। আপনার মাধুর্যতা এবং ব্যক্তিত্ব আপনাকে কিছু নতুন

শেষ দিনের প্রচারে ঝড় তুললেন যাদবপুরের বামপ্রার্থী সৃজন ভট্টাচার্য

বারুইপুর, ৩০ মেঃ শেষ দিনের প্রচারে ঝড় তুললেন যাদবপুর লোকসভা কেন্দ্রের বামপ্রার্থী সৃজন ভট্টাচার্য। শনিবারের ভোটে ছক্কা হাঁকানোর দাবি তার। বারুইপুর পৌরসভার ৪ ও ৫ নম্বর ওয়ার্ডে দলীয় কর্মী সমর্থকদের নিয়ে প্রচারে নামেন তিনি। তার সাথে ছিলেন পলিটব্যুরো সদস্য নীলোৎপল বসু। শেষদিনের প্রচারে বেরিয়ে সৃজন বলেন মানুষকে মানুষের ভোট দেওয়ার ব্যবস্থা করতে হবে। পুলিশ প্রশাসনকে নিরপেক্ষ থাকতে হবে। মানুষ নিজের ভোট নিজে দিতে পারলে তিনি ছক্কা মারবেন বলে দাবি সৃজনের। সুজন চক্রবর্তী ও সেলিম জিতবেন বলে তার দাবি। প্রাক্তন তিন তৃণমূল নেতাকে নিয়ে ঘুরেছেন নরেন্দ্র মোদি বলে একইসাথে বিজেপি ও তৃণমুলকে কটাক্ষ করেন তিনি। নরেন্দ্র মোদিকেও সিপিএমকে ভোট দেবেন না বলে বলতে দেখা গিয়েছে। তৃণমূল ও বিজেপি সেটিং করে চলছে বলে তার অভিযোগ।

কাঞ্চনজঙ্ঘায় ট্রেকিংয়ে গিয়ে মৃত্যু হল বালির সমবায়পল্লীর বাসিন্দা এক ব্যক্তির



কলকাতা, ৩০ মেঃ কাঞ্চনজঙ্ঘায় ট্রেকিংয়ে গিয়ে মৃত্যু হল বালির সমবায়পল্লীর বাসিন্দা এক ব্যক্তির। তাঁর দেবব্রত বর(৪৬)। ১১ জন সদস্যের একটি ট্রেকিং দলের কাঞ্চনজঙ্ঘায় গিয়েছিলেন তিনি। পাহাড়ে নির্দিষ্ট গন্তব্য ছুঁয়ে নামার পথে শ্বাসকষ্টের সমস্যা শুরু হয় তার। যার ফলে মাঝপথেই মৃত্যু হয়। পরিবার সূত্রে জানা গিয়েছে, ১৭ মে বাড়ি থেকে ট্রেকিং এর উদ্দেশ্যে বেরিয়েছিলেন দেবব্রত। ১৯ তারিখ ভিডিও কলে শেষ পরিবারের সঙ্গে কথা হয়। এরপর উচ্চতর কারনে ফোন বন্ধ করে দিয়েছিলেন তিনি। ফলে আর কারও সঙ্গে যোগাযোগ হয়নি তার। ২৫ তারিখ নির্দিষ্ট গন্তব্য ছিলেন আমার পথে অসুস্থ বোধ করেন ওই ট্রেকার। চিকিৎসার জন্য তাকে নামিয়ে আনার আগেই মৃত্যু হয় তার। মঙ্গলবার এই খবর আসার পরেই শোকের ছায়া নামে পরিবারে। জানা গিয়েছে, পরিবারের একমাত্র রোজগেরে ছিলেন দেবব্রত। বাড়িতে রয়েছেন বৃদ্ধ মা, স্ত্রী এবং ছেলে ও মেয়ে।

রাজ্যের বিরোধী দলনেতার ঘোষিত কর্মসূচি-কে পুলিশের বাঁধা

কলকাতা, ৩০ মেঃ শেষ দফা লোকসভা ভোটের আগে এনওসি থাকা সত্বেও ভাঙ্গরে রাজ্যের বিরোধী দলনেতার ঘোষিত কর্মসূচি-কে পুলিশের বাঁধা, অনুমতি দিলো না পুলিশ প্রশাসন। তারই তীব্র প্রতিবাদ জানিয়ে যাদবপুর লোকসভার বিজেপি প্রার্থী ডঃ অনির্বাণ গাঙ্গুলির সমর্থনে ভাঙ্গরে গিয়ে সরব হয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিজেপি প্রার্থীকে বিপুল ভোটে নির্বাচিত করে আবার একবার মোদী সরকার গড়ার আহ্বান জানালেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

গণনার কাজে শুধুমাত্র সরকারি কর্মীদেরই দায়িত্বে রাখতে হবে

চুক্তিভিত্তিক কর্মীদের ওই কাজে বহাল রাখা যাবে নাঃ প্রার্থী ডা. রথীন চক্রবর্তী

দুরন্ত বার্তা, হাওড়া, ৩০ মেঃ লোকসভা ভোটের গণনার দিন হাওড়ার সাঁত্রাগাছির কাউন্টিং সেন্টারে গণনার দায়িত্বে যাদের নিযুক্ত করা হচ্ছে তাঁদের সচিত্র পরিচয় প্রকাশ করার দাবি তুললেন বিজেপি প্রার্থী ডা. রথীন চক্রবর্তী। বৃহস্পতিবার সকালে হাওড়ায় সাংবাদিক বৈঠকে রথীন বাবু জানান, এ বিষয়ে তাঁরা দলের তরফ থেকে ইতিমধ্যেই জেলার মুখ্য রিটার্নিং আধিকারিক হাওড়ার জেলাশাসকের কাছে দাবি তুলেছেন। রথীন বাবু দাবি তোলেন গণনার কাজে শুধুমাত্র সরকারি কর্মীদেরই দায়িত্বে রাখতে হবে। কোনও চুক্তিভিত্তিক কর্মীদের ওই কাজে বহাল রাখা যাবেনা। রথীন বাবু হুঁশিয়ারি দেন তাঁদের দাবি মানা না হলে গণনার আগেই তাঁরা আপত্তি জানাবেন। এবং প্রয়োজনে আইনের দ্বারস্থ হবেন। ডা. রথীন চক্রবর্তী এদিনের সাংবাদিক বৈঠকে বলেন, ৪ জুন লোকসভা নির্বাচনের গণনার দিন। নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী কোনওরকম চুক্তিভিত্তিক কর্মী অর্থাৎ যারা সরাসরি পে রোলে নেই শুধুমাত্র কেন্দ্র এবং রাজ্য সরকারি স্থায়ী কর্মচারী ছাড়া কোনওরকম

ইলেকশন কাউন্টিং কম্পিউটিং, ইসিআরসি কন্ট্রোল ইউনিটের মধ্যে সংযুক্ত থাকতে পারেন না। এ ব্যাপারে পরিস্কারভাবে ভারতীয় নির্বাচন কমিশনের নির্দিষ্ট নিয়ম আছে। এ ব্যাপারে কলকাতা হাইকোর্টে মামলাও হয়েছিল। কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ পরিস্কারভাবে নির্দেশ দিয়েছেন যাতে কোনভাবেই চুক্তিভিত্তিক কর্মীরা নির্বাচনের সাথে কোনোভাবেই যুক্ত না থাকেন। পরবর্তীকালে এই নির্দেশ অমান্য করা হয়েছিল। সেই কারণে আবার মামলা করা হয়েছিল। এ ব্যাপারে হাওড়া রিটার্নিং অফিসারকে পরিস্কারভাবে জানানো হয়েছে। নির্বাচনের আগে আমরা ৮৪ জনের নামের একটা তালিকা দিয়েছিলাম। এরা সকলেই চুক্তিভিত্তিক কর্মী এবং এদের নির্বাচনের কাজে লাগানো হয়েছিল। পরবর্তীকালে তাদের কি ব্যবস্থা নেওয়া হয়েছে সে ব্যাপারে কোনও তথ্য আমাদের কাছে জানানো হয়নি।

আমরা জানতে চাই কোন কোন আধিকারিক, এআরও টেবিলে কারা কারা রয়েছেন, তাদের কি ডেজিগনেশন তাদের ডিটেলস আমাদের জানানো হোক। এমনকি এদের তলায় কোন কোন আধিকারিকরা রয়েছেন, এরা যে চুক্তিভিত্তিক কর্মী নন সে ব্যাপারে স্পষ্ট ভাবে আমাদের জানানো হোক। এ ব্যাপারে আমরা তাদের সচিত্র পরিচয় সহ জানতে চেয়েছি। এর আগে ২০২১, ২০২৩ সালে নির্বাচন কমিশনের বিধিভঙ্গ হয়েছে। যার সুবিধা এখনও ক্ষমতাসীন দল ভোগ করছে।

বিজেপির পক্ষ থেকে এই ব্যাপারে প্রতিবাদ করা হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল দপ্তরের কাছে লিখিত অভিযোগ করা হয়েছে। যদি আমাদের কাছে কারা রয়েছেন, তারা ইলেকট্রিক কর্মী নন কিনা তা স্পষ্টভাবে জানানো না হয় তাহলে গণনার আগে আমরা তীব্র প্রতিবাদ জানাব। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। গণতান্ত্রিক পদ্ধতি স্পষ্টকরণ চাই সেখানে। আমরা কারচুপি বারবার লক্ষ্য করেছি, দেখেছি। আমরা যা অভিযোগ করেছিলাম স্পষ্টভাবে কোনও উত্তর আমাদের কাছে এখনও পর্যন্ত এসে পৌঁছয়নি। আমাদের কাছে কিছু অভিযোগ রয়েছে। এই অভিযোগগুলোর ব্যাপারে সতর্ক থাকার প্রয়োজন বলে মনে করেছি। নির্বাচনী গণনা সবথেকে গুরুত্বপূর্ণ বিষয়। সেই জন্য আমরা বারবার বলছি।

ভোট প্রচারের শেষ লগ্নে এস ইউ সি আই এর জনসভা হয়ে গেল জয়নগরে

দুরন্ত বার্তা, জয়নগর, ৩০ মেঃ ১লা জুন শনিবার শেষ দফার নির্বাচন। বৃহস্পতিবার বিকালে ভোট প্রচার শেষ হলো। আর প্রচারের শেষ লগ্নে এদিন কুলতলির কুন্দখালি, জয়নগরের রাজাপুর করাবেগ, বারুইপুর পূর্বের ঢোষা এবং ক্যানিংয়ের গোপালপুরের সংযোগস্থল মহিষমারির হাটে এসইউসিআই(সি) দলের জয়নগর লোকসভা কেন্দ্রের প্রার্থী নিরঞ্জন নস্কর এবং যাদবপুর লোকসভা কেন্দ্রের প্রার্থী কল্পনা নস্কর দত্তের সমর্থনে এক বিশাল সভা অনুষ্ঠিত হয়ে গেল। যাতে বক্তব্য রাখেন কুলতলির প্রাক্তন বিধায়ক জয়কৃষ্ণ হালদার, দলের বারুইপুর সাংগঠনিক জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য গোপাল সাহু এবং দুই কেন্দ্রের প্রার্থী কল্পনা নস্কর দত্ত ও নিরঞ্জন নস্কর। এদিন জয়কৃষ্ণ হালদার বলেন, সুন্দরবন সংলগ্ন পিছিয়ে পড়া এই অঞ্চল গুলির প্রকৃত উন্নয়নের জন্য কেন্দ্র বা রাজ্য সরকার কোনো কাজই করেনি। সুন্দরবন ভিত্তিক শিল্প কারখানা গড়ে তুললেই একমাত্র এই অঞ্চলগুলির মানুষের অবস্থার পরিবর্তন হতে পারে। তিনি বলেন, এসইউসিআই(সি) দলের প্রার্থীরা জয়যুক্ত হলে এই দাবি সংসদে তুলে ধরবেন এবং তার জন্য আন্দোলন গড়ে তুলবেন।এদিনের সভায় মহিলাদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতন।

ধর্মনগরে ব্রাউন সুগার সহ ধৃত ১

কদমতলা (ত্রিপুরা), ৩০ মে ঃ আবারও নেশা বিরোধী অভিযানে বড়সড় সাফল্য পেল উত্তর ত্রিপুরা জেলার গোয়েন্দা বিভাগ সহ ধর্মনগর থানার পুলিশ। ব্রাউন সুগার সহ আটক করা হয়েছে এক যুবককে। জানা গিয়েছে, উত্তর জেলার পুলিশ সুপারের সাদা পোশাকের স্পেশাল টিম এর কাছে গোপন সূত্রে খবর আসে যে ধর্মনগর মহকুমার ভাগ্যপুর গ্রাম পঞ্চায়েতের ৫ নং ওয়ার্ডের বাসিন্দা বাবুল মিয়ার ছেলে হেলাল উদ্দিন টিআর০২-সি-৭৩ ৮৩ পালসার বাইকে করে ব্রাউন সুগার নিয়ে যাচ্ছে। সেই খবরের ভিত্তিতে উত্তর জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী সাদা পোশাকের স্পেশাল টিম সংশ্লিষ্ট এলাকায় উৎপেতে বসে থাকে।

ত্রিপুরায় সম্পন্ন লোকসভা নির্বাচন, প্রস্তুতি পঞ্চায়েত ভোটের, ধলাই জেলায় কী কৌশল বিরোধী দলগুলোর

ধলাই (ত্রিপুরা), ৩০ মে ঃ ইতিমধ্যে ত্রিপুরায় লোকসভা নির্বাচনের ভোটপর্ব সম্পন্ন হয়ে গেছে। এবার ফলাফলের অপেক্ষা। এরই মধ্যে রাজ্য নির্বাচন দফতরের চূড়ান্ত প্রস্তুতি চলছে জুন মাসের শেষদিকে অথবা জুলাই মাসের প্রথম দিকে ত্রিস্তরীয় পঞ্চায়েত ভোট গ্রহণের। ধলাই জেলার আটটি উন্নয়ন ব্লকের অধীন মোট ৪১টি গ্রাম পঞ্চায়েত, ১১০টি ভিলেজ কাউন্সিল, ছয়টি পঞ্চায়েত সমিতি এবং একটি জেলা পরিষদ রয়েছে। ওইগুলিতে নির্বাচন হওয়ার কথা। এরই সঙ্গে জেলার দুটি নগর সংস্থা অর্থাৎ একটি পুর পরিষদ এবং একটি নগর পঞ্চায়েতের প্রত্যেকটিতে দুটি করে শূন্য আসনে উপনির্বাচন হবে। সে মোতাবেক চলছে প্রশাসনিক প্রস্তুতি। বিজেপি নেতৃত্বাধীন সরকারের দুই জোট শরিকও পুরোপুরি প্রস্তুত নির্বাচন নিয়ে। বিরোধী রাজনৈতিক দল কংগ্রেস এবং সিপিআইএম কি লোকসভার মতো জোট গঠন করবে ? না- একক শক্তিতে ভোটের ময়দানে লড়াই করবে, বিষয়টি এখনও স্পষ্ট নয়। মূলত রাজ্যে ২৫ বছর ক্ষমতায় থাকাকালীন সিপিআইএম তথা বামফ্রন্ট সরকার ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে প্রায় ৭০ ভাগ আসনে জয়ী হতো বিনা প্রতিদ্বন্দ্বিতায়। পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদগুলোও বিনা বাধায় দখল করত তদানীন্তন শাসক জোট। রাজ্যে ২০১৮ সালের বিধানসভা নির্বাচনে বিজেপি-আইপিএফটি জোট ক্ষমতায় আসার পর ধারণা করা হয়েছিল, এখন থেকে স্থানীয় স্বশাসিত সংস্থাগুলোর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে বামফ্রন্টও। তাদের ২৫ বছরের শাসন এবং দুর্দান্ত সংগঠন বলে কথা! কিন্তু দেখা গেল ২০১৮-এর বিধানসভা নির্বাচনে পরাজয়ের পর ২০১৯-এর লোকসভা এবং ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন ও হালফিলের অষ্টাদশ লোকসভা নির্বাচনে বেমালুম হারিয়ে গেছে বাম সংগঠনগুলি। একসময় রাজ্যে যাদের ৫৮টি গণ-সংগঠনের গর্ব ছিল, সেই সিপিআইএম তথা বামফ্রন্ট তাদের চিরদিনের বিরোধী কংগ্রেসের সঙ্গে জোট গড়েছে এবারের লোকসভা নির্বাচনে। ফলে ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে বাম এবং কংগ্রেস পৃথক পৃথকভাবে বিভিন্ন সাংগঠনিক কাজকর্ম শুরু করলেও তাতে তেমন জোর আসছে না।

অন্যদিকে বিজেপি গোটা রাজ্যে চালিয়ে যাচ্ছে রাজনৈতিক ও সামাজিক কর্মসূচি। বসে নেই তিপ্রা মথা এবং আইপিএফটিও। রাজ্যের গ্রামীণ এবং শহুরে এলাকায় জল, বিদ্যুৎ, এমজিএনরেগার কাজ, রাজ্য সরকারের শহুরে কর্মসৃজন প্রকল্প বা টুয়েপ প্রকল্পের কাজ, সামাজিক ভাতা, বিভিন্ন সরকারি পরিষেবা নিয়ে মানুষের ক্ষোভ এবং অভিযোগ রয়েছে।

PRONTO INDUSTRIAL SERVICES LIMITED

CENTRE POINT 21, Hemant Basu Sarani, Third Floor,Room No. 306, Kolkata-700069Tel:033-30288506,E-mail-investors.pronto@gmail. com

CIN: L67120WB1982PLC035476

EXTRACT OF STATEMENT OF AUDITED RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2024

(Rs. in Lakhs)

